

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-১০৮

তারিখঃ ১৩/০৪/২০১৬

সময়ঃ রাত ১১.০০ টা

বিষয়ঃ ভূমিকম্পের ক্ষয়ক্ষতি সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

০১। ভূমিকম্পঃ(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

আজ ১৩.০৪.২০১৬ তারিখ বাংলাদেশ সময় সন্ধ্যা ৭টা ৫৫মিনিট ১৭.৭৭ সেকেন্ডের সময় ঢাকাসহ সারাদেশে এক ভূমিকম্প অনুভূত হয়। ভূমিকম্পের কেন্দ্র ছিল ঢাকার আগারগাঁওস্থ ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্র থেকে ৪২০ কি.মি. পূর্বদিকে মায়ানমার অঞ্চলে। কেন্দ্রে এই ভূমিকম্পের মাত্রা ছিল ৭.২ রিস্টার স্কেল (বড় মাত্রা)।

ভূমিকম্প সংঘটিত হওয়ার সাথে সাথে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়ঃ

- ১। সম্ভাব্য ক্ষয়ক্ষতি দূত প্রেরণের জন্য সকল বিভাগীয় কমিশনার, সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অনুরোধসহ আবহাওয়া অফিস থেকে প্রাপ্ত বার্তাটি E-Mail করা হয়।
- ২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, মন্ত্রী পরিষদ সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিবসহ উদ্ধতন কর্মকর্তাদেরকে আবহাওয়া অফিস থেকে প্রাপ্ত বার্তাটি E-Mail করা হয়।

ক্ষয়ক্ষতিঃ

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঢাকার সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, ঢাকার সাভারে এবং পুরোনো ঢাকায় ভূমিকম্পের আতংকে তাড়াহুরা করে নামতে গিয়ে বেশকিছু লোক সামান্য আহত হয়েছে।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, চট্টগ্রাম জানান, সিটি কর্পোরেশনের হালিশহর এলাকার 'বি' ব্লকের ৭ নং লেনে একটি সাততলা ভবন সামান্য হলে পরেছে। ইপিজেড কলসী দীঘিরপাড় এলাকায় ৬ ফুট উচ্চতার একটি দেয়াল ধ্বংস ১ জন শ্রমিক আহত হয়েছে। আন্দারকিল্লার নিকটে কদম মোরাবক গেটের পাশে দস্তগীর হোটেলের বিপরীতে একটি ৮তলা ভবন সামান্য হলে পরেছে। নিউ মার্কেটের পশ্চিমে জলসা মার্কেট সংলগ্ন বিএম মুক্তিযোদ্ধা সুপার মার্কেটের ভবন সামান্য হলে পরেছে। মেহেদীবাগ এলাকায় একটি ভবনে ফাটল দেখা দিয়েছে। তাছাড়া চট্টগ্রাম ইপিজেড এলাকা, অক্সিজেন মোড় ও মাঝিরঘাট এলাকায় ভূমিকম্পের আতংকে তাড়াহুরা করে নামতে গিয়ে বেশ কয়েকজন লোক সামান্য আহত হয়েছে। সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ এ বিষয়ে সতর্ক নজর রাখছেন।

কক্সবাজারের মহেশখালী উপজেলায় একজন লোকের মৃত্যু হয়েছে বলে খবর প্রকাশিত হওয়ায় জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কক্সবাজারের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, উক্ত উপজেলার শাপলাপুর ইউনিয়নে ভূমিকম্পের সময় একজন বয়স্ক লোক হার্ট এ্যাটাক করে, বিষয়টি স্থানীয় একজন সাংবাদিক 'মারা গেছেন' বলে সংবাদ প্রকাশ করে, আসলে উক্ত ব্যক্তি মারা যাননি।

জেলা প্রশাসক, ফেনী জানান, জেলার সদর উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তার বাড়ির পাশে শহরের সুলতানপুর এলাকায় ৬ তলা ভবনের উপর একটি ৪ তলা ভবন হলে পরেছে। জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, ফায়ার সার্ভিসের লোকজন স্থানীয় জনগণের সহায়তায় উক্ত ভবনে বসবাসরত লোকদেরকে নিরাপদে নামিয়ে আনতে সক্ষম হয়েছে, কেউ হতাহত হয়নি।

এছাড়া জামালপুর, ময়মনসিংহ, নারায়নগঞ্জ, খুলনা, চুয়াডাঙ্গা, সিলেট, রংপুর, পঞ্চগড়, পিরোজপুর, হবিগঞ্জ, বরিশাল, গাজীপুরসহ অন্যান্য জেলার জেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে কোন ক্ষয়ক্ষতির সংবাদ এখনও পর্যন্ত পাওয়া যায়নি।

*. দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের **NDRCC** (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য **NDRCC**'র নিম্নবর্ণিত টেলিফোন/ফ্যাক্স/email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০

Email: ndrec.dmr@gmail.com

স্বাক্ষরিত/

(মো: আমিনুল ইসলাম)

উপ-সচিব (এনডিআরসিসি)

ফোনঃ ৯৫৪৬৬৬৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যয়), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।
- ১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপরি উক্ত তথ্য ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য।
- ১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।